

ঢাকা, ২৭ জুন ২০২১

মাননীয় শিক্ষামন্ত্রী ডা. দীপু মনির সাথে বাংলাদেশে নিযুক্ত আমেরিকার রাষ্ট্রদূত এর সৌজন্য সাক্ষাৎ

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি, এমপির সাথে আজ সচিবালয়ে তার দপ্তরে সৌজন্য সাক্ষাৎ করেছেন বাংলাদেশে নিযুক্ত আমেরিকার রাষ্ট্রদূত পিটার ডি হাস (Peter D. Hass) এর নেতৃত্বে প্রতিনিধিদল। প্রতিনিধিদলে আরো ছিলেন ইউএসএইড বাংলাদেশের ডেপুটি মিশন ডাইরেক্টর রান্ডি আলী (Randi Ali) এবং ইউএসএইড এর এডুকেশন ডেভেলপম্যান্ট অফিসার সানজয় রেনলডস কোপার (Sanjai Reynolds- Cooper) প্রমুখ।

এই সময় আরো উপস্থিত ছিলেন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব মোঃ আবু বকর ছিদ্দীক, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সচিব জনাব মোঃ কামাল হোসেন, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক প্রফেসর নেহাল আহমেদ

এই সময় রাষ্ট্রদূত শিক্ষা ক্ষেত্রে দুই দেশের পারস্পরিক সহযোগিতা

আরো বৃদ্ধি করার উপর গুরুত্বারোপ করেন এবং বাংলাদেশে শিক্ষা ক্ষেত্রে বিশেষ করে কারিগরি ও টেকনিক্যাল এডুকেশনের সাম্প্রতিক অগ্রগতির ভূয়সী প্রশংসা করেন।

এসময় শিক্ষামন্ত্রী বলেন, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে সরকার

টেকনিক্যাল ও ভোকেশনাল শিক্ষার উপর খুবই গুরুত্ব দিচ্ছে। সরকার ২০৩০ সালের মধ্যে কারিগরি শিক্ষায় ভর্তির হার ৩০ শতাংশ এবং ২০৫০ সালের মধ্যে ৫০ শতাংশ শিক্ষার্থী ভর্তির লক্ষ্য মাত্রা নির্ধারণ করেছে। বর্তমানে কারিগরি শিক্ষায় ভর্তির হার ১৭ শতাংশ। সরকার টেকনিক্যাল ও ভোকেশনাল শিক্ষাকে মেইন স্ট্রিম করতে বদ্ধপরিকর।

এম এ খায়ের

তথ্য ও জনসংযোগ কর্মকর্তা

মোবাইল ০১৭১৬০৬৬৮৮৮

